



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২১০
www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০২.৪৪৪.২৬.১৩৫৫/৪২২৪

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমে পাঠদান নবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল শিক্ষাক্রমে বর্ণিত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শর্তে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের জন্য পাঠদান নবায়ন প্রদান করা হলো।

ক্র. নং	শিক্ষাক্রম	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও কোড	শিক্ষাবর্ষ	টেকনোলজি	পাঠদান নবায়নের মেয়াদ
১.	১. ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ২. ডিপ্লোমা ইন টেক্সটাইল	সিটি ইনস্টিটিউট অব টেকনোলজি খাগান, বিরুলিয়া, সাভার, ঢাকা। প্রতিষ্ঠান কোড: ৫০৪৪৪	২০২৫-২০২৬	<u>ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং:</u> ১. সিভিল ২. ইলেকট্রিক্যাল ৩. মেকানিক্যাল ৪. কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি <u>ডিপ্লোমা ইন টেক্সটাইল:</u> ১. ইয়ার্ণ ম্যানুফেকচারিং ২. ফেব্রিক ম্যানুফেকচারিং	০১ জুলাই, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত

শর্তসমূহ:

- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো, স্থায়ী ও চলতি আমানতে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা আছে নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ও পরিচালিত শিক্ষাক্রমে টেকনোলজিভিত্তিক নির্দিষ্ট আকারের ও সংখ্যক শ্রেণী কক্ষ থাকতে হবে।
- পরিচালিত টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা অনুসারে ক্লাস পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
- ব্যবহারিক ক্লাস পরিচালনার জন্য প্রয়োজনীয় কীচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রবিধান মোতাবেক ক্লাস রুটিন নিশ্চিত করতে হবে এবং ক্লাস রুটিন অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর শিক্ষার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে।
- লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই থাকতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীর ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী অনুমোদিত পদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।
- এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৯ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

অধ্যক্ষ

সিটি ইনস্টিটিউট অব টেকনোলজি
খাগান, বিরুলিয়া, সাভার, ঢাকা।
প্রতিষ্ঠান কোড: ৫০৪৪৪
ই-মেইল: cit50444@gmail.com

স্বাক্ষরিত/-
(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ই-মেইলঃ inspector@bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০২.৪৪৪.২৬.১৩৫৫/৪২২৪

তারিখ: ২৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- পরিচালক, ঢাকা আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, বাকাশিবো, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অফিস কপি।


(প্রকৌ. মোঃ নূরুল ইসলাম)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫
ই-মেইল: nurulpoly81@gmail.com